

**২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদ মিনারে
শ্রদ্ধাঞ্জলি নিবেদন**



২১ ফেব্রুয়ারি-২০১৮, বৃহস্পতিবার 'মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৯' উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি (জবিবকস), কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি পক্ষে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এদিকে, দিবাগত রাত ১২.০১ মিনিটে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত শহীদ মিনারে উপাচার্যের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ স্ব-স্ব ব্যানার নিয়ে শহীদ মিনারে



পুষ্পার্ঘ্য অর্পণ করে। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি (জেবিকস), জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি, বাঁধন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট, রেঞ্জার ইউনিট জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস গ্রুপ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি ইউনিট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র, উদীচী শিল্পীগোষ্ঠী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি, আমরা মুক্তিযোদ্ধার সন্তান, বাংলাদেশ ছাত্র মৈত্রী, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টসহ অন্যান্য সংগঠনের পক্ষে থেকে একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। এসময় ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং কালো পতাকা উত্তোলন করা হয়।

এদিকে, ২০ ফেব্রুয়ারি (বুধবার) সন্ধ্যা হতে একুশে ফেব্রুয়ারি দিবাগত রাত ১২টা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদের উদ্যোগে 'চেতনায় একুশ' নামক কবিতা, গান, গল্প ও প্রবন্ধ পাঠের আসর আয়োজিত হয়। 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমি (জেবিরঙ্গ)' এর উদ্যোগে ২০ ফেব্রুয়ারি (বুধবার) বেলা ১২টায় মুনীর চৌধুরী রচিত 'কবর' নাটক প্রদর্শিত হয়। এছাড়াও জেবিরঙ্গ কর্তৃক প্রদর্শিত হয় 'রক্তাঞ্চল' একটি স্থাপনা শিল্প প্রদর্শিত হয়।